# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৯. যে ব্যক্তি ফাতওয়া প্রদানে ভয় পান এবং অধিক বাড়াবাড়ি করা ও বিদ'আত বা নতুন মত প্রবর্তন করাকে অপছন্দ করেন

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا وَكَرِهَ التَّنَطُّعَ وَالتَّبَدُّعَ

## আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ عِمْرَانَ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ سُلَيْمَانَ، حَدَّثَنَا الْعُمَرِيُّ، عَنْ عُبَيْدِ بْنِ جُرَيْجٍ، قَالَ: كُنْتُ أَجْلِسُ بِمَكَّةَ إِلَى ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ، يَوْمًا، وَإِلَى ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا يَوْمًا، فَمَا يَقُولُ ابْنُ عُمَرَ فِيمَا يُسْأَلُ: " لَا عِلْمَ لِي، أَكْثَرُ مِمَّا يُفْتِي بِهِ

إسناده حسن

## বাংলা

১৫৭. উবাইদ ইবনু জুরাইজ হতে বর্ণিত, তিনি বলেন, আমি মক্কায় একদিন ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহুমার নিকট বসতাম, আর অন্যদিন বসতাম ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমার নিকট। ইবনু উমারকে যেসকল বিষয় জিজ্ঞাসা করা হত, তার মধ্যে তিনি যে কয়টি বিষয়ে ফতোয়া দিতেন, তার চেয়ে অধিক সংখ্যক বিষয়ে বলতেন, এ বিষয়ে আমার জানা নেই।'[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: দেখুন, খতীব, আল ফাকিহ ওয়াল মুতাফাক্কিহ, ২/১৭২।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69468

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন